

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং একা/রে- ৬৪৪৮ (৪০০০)

তারিখঃ ২৫/০৬/২০১৫

জরুরী বিজ্ঞপ্তি

চলতি টার্মের পূর্ব ঘোষিত টার্ম ফাইনাল পরীক্ষা অযৌক্তিকভাবে পিছানোর দাবীতে গত ২৩ জুন ২০১৫ তারিখে একদল উচ্ছৃঙ্খল ছাত্র-ছাত্রী কর্তৃক উপাচার্য মহোদয়, রেজিস্ট্রার ও ছাত্রকল্যাণ পরিচালক মহোদয়কে উপাচার্য অফিসে জিম্মি করা, ২৪ জুন ২০১৫ তারিখে শিক্ষকগণের আবাসিক এলাকা অবরুদ্ধ করা এবং রাতে একাডেমিক ভবন ভাঙ্গচুর ও অগ্নিসংযোগ করার প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি ঘটছে এবং শিক্ষার পরিবেশ ভীষণভাবে বিঘ্নিত হচ্ছে।

এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলা বজায় রাখা, ছাত্র-ছাত্রী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের জানমালের নিরাপত্তা বিধানের স্বার্থে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে এই বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষা কার্যক্রম আজ ২৫ জুন ২০১৫ তারিখ বিকাল থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হলো।

আবাসিক হলসমূহে অবস্থানরত সকল ছাত্র/ছাত্রীকে আজ ২৫ জুন ২০১৫ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে হল ত্যাগ করার নির্দেশ দেয়া হলো।

এ ব্যপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



(প্রফেসর ডঃ এ কে এম মাসুদ)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

বিতরণঃ

- ১। সকল অনুষদের ডীন, বাপ্রবি, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, বাপ্রবি, ঢাকা
- ৩। সকল পরিচালক, বাপ্রবি, ঢাকা
- ৪। সকল হল প্রভোস্ট, বাপ্রবি, ঢাকা
- ৫। সকল অফিস প্রধান, বাপ্রবি, ঢাকা
- ৬। সকল শিক্ষক, বাপ্রবি, ঢাকা
- ৭। সহকারী পরিচালক, তথ্য ও প্রকাশনা, বাপ্রবি, ঢাকা
- ৮। এ পি এস টু ভাইস-চ্যান্সেলর, বাপ্রবি, ঢাকা
- ৯। সকল ছাত্র-ছাত্রী, বাপ্রবি, ঢাকা
- ১০। সকল নোটিশ বোর্ড, হল/বিভাগ/অফিস, বাপ্রবি, ঢাকা

All teachers